সুখবর! রাশিয়ার পর এবার ভ্যাকসিন অনুমোদন দিল চীন

রাশিয়ার পর এবার করোনা ভ্যাকসিনের অনুমোদিন দিল চীন। প্রথম ও দ্বিতীয় ধাপের পরীক্ষায় দারুণভাবে সফল হওয়ার পর ভ্যাকসিনটির অনুমোদন দিয়েছে শি জিনপিং প্রশাসন।

দেশটির সেনাবাহিনীর সংক্রামক রোগ বিশেষজ্ঞ চেন ওয়ের দল এবং স্যানসিনো বায়োলজিকসের তৈরি করেছে এই ভ্যাকসিন। ‘এড৫-এনসিওভি’ নামের ভ্যাকসিনটি রবিবারই নিবন্ধন করেছে চীন।

চীনের গ্লোবাল টেলিভিশন নেটওয়ার্ক (সিজিটিএন) টুইটারে এ তথ্য জানিয়েছে।

টুইট বার্তায় বলা হয়, চীন প্রথম করোনা ভ্যাকসিনের পেটেন্ট অনুমোদন দিয়েছে। পিএলএ (চীনা সেনাবাহিনী) সংক্রামক রোগ বিশেষজ্ঞ চেন ওয়ের দল তৈরি করেছে ভ্যাকসিনটি। এর আগে দ্বিতীয় পর্যায়ের পরীক্ষায় দেখা গেছে, ভ্যাকসিনটি নিরাপদ এবং প্রতিরোধ ক্ষমতা জাগিয়ে তুলতে সক্ষম।

আমেরিকান মেডিকেল অ্যাসোসিয়েশন জার্নালে প্রকাশিত ক্লিনিক্যাল ট্রায়ালের তথ্যের বরাত দিয়ে সিনহুয়া নিউজ এজেন্সি জানিয়েছে, করোনার এই ভ্যাকসিন নিরাপদ ও প্রতিরোধ ক্ষমতা তৈরি করেছে। প্রথম ধাপের ট্রায়ালে ১৮ থেকে ৫৯ বছর বয়সী ৩২০ জন স্বাস্থ্যবান স্বেচ্ছাসেবক অংশ নিয়েছিলেন। আর দ্বিতীয় ধাপে ২২৪ জন স্বেচ্ছাসেবক অংশ নেন।

সিনহুয়া জানিয়েছে, ট্রায়ালের ফলাফলগুলো ইঙ্গিত দেয় যে ভ্যাকসিন কার্যকরভাবে স্বেচ্ছাসেবীদের শরীরে নিরপেক্ষ অ্যান্টিবডি তৈরি করে এবং রোগ প্রতিরোধ ক্রিয়ায় ভালো সক্ষমতা প্রদর্শন করে।

এর আগে করোনার প্রথম ভ্যাকসিনের নিবন্ধন করে রাশিয়া। রবিবার দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয় জানায়, তারা এরই মধ্যে করোনার ভ্যাকসিন তৈরি শুরু করে দিয়েছে। তাদের ভ্যাকসিনটি প্রথম প্রয়োগ করা হবে চিকিৎসক এবং স্বাস্থ্যকর্মীর শরীরে। সূত্র: সিজিটিএন, এএ

সূত্র- বিডি প্রতিদিন

করোনা ভ্যাকসিন নিয়ে এবার আশার কথা শোনালো বিশ্ব স্বাস্থ্য সংস্থা

প্রাণঘাতী করোনাভাইরাসে নাকাল গোটা বিশ্ব। এই ভাইরাসের তাণ্ডবে ইতোমধ্যে বিধ্বস্ত বিশ্বের অধিকাংশ দেশ। সবচেয়ে শোচনীয় অবস্থা আমেরিকা, ব্রাজিল, মেক্সিকো, ব্রিটেন, ইতালি, স্পেন ও ফ্রান্সের।

বিশ্বব্যাপী এখন পর্যন্ত (রবিবার সকাল সাড়ে ১০টা) করোনাভাইরাসে আক্রান্ত হয়েছে ২ কোটি ১৬ লাখ ১৬ হাজার ৬২৮ জন। এর মধ্যে মৃত্যু হয়েছে ৭ লাখ ৬৮ হাজার ৯৮৪ জনের।

প্রাণঘাতী এই ভাইরাসের তাণ্ডবে যখন ধ্বংসযজ্ঞে পরিণত হয়েছে গোটা বিশ্ব, তখন আশার কথা শোনালো বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও)। অন্তত ৯টি ভ্যাকসিন অনুমোদনের দৌড়ে আছে বলে জানিয়েছে ডব্লিউএইচও।

এদিকে, রাশিয়ার প্রথম কোভিড ভ্যাকসিন নিয়ে যুক্তরাষ্ট্রে সমালোচনা হলেও মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এর প্রশংসা করেছেন। আর ভ্যাকসিন উৎপাদনে ব্রিটিশ ওষুধ প্রস্তুতকারক প্রতিষ্ঠান অ্যাস্ট্রা-জেনেকার সঙ্গে চুক্তি করেছে আর্জেন্টিনা ও মেক্সিকো। প্রতিষ্ঠানটির কাছ থেকে ভ্যাকসিন নেবে ইউরোপিয়ান কমিশনও। এছাড়া চীনের ভ্যাকসিনও রয়েছে সাফল্যের দোড়গোড়ায়।

করোনার টিকা নিয়ে শুরু থেকেই কাজ করছে চীন। দেশটির সিনোফার্মের ভ্যাকসিনের সাফল্য অনেক দূর এগিয়েছে। সম্প্রতি সৌদি আরবে তৃতীয় পর্যায়ের ট্রায়াল চালাচ্ছে প্রতিষ্ঠানটি।
আগস্টের শেষ সপ্তাহে রুশ ভ্যাকসিন দেশটির চিকিৎসক ও শিক্ষকদের প্রয়োগ করা হবে। তবে এ ভ্যাকসিন তড়িঘড়ি করে অনুমোদন দেয়ায় ৫২ শতাংশ চিকিৎসক ও স্বাস্থ্য বিশেষজ্ঞ এটি নিতে প্রস্তুত নন বলে জানান। তিন হাজারেরও বেশি চিকিৎসক ও স্বাস্থ্য বিশেষজ্ঞের ওপর চালানো এক জরিপে শুক্রবার এ তথ্য উঠে এসেছে।

এদিকে, যুক্তরাষ্ট্রেও এ ভ্যাকসিন নিয়ে জোর সমালোচনা চলছে। যদিও মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, রুশ ভ্যাকসিন নিয়ে তার আশার কথা শোনান।

নভেম্বর বা ডিসেম্বরের আগে যুক্তরাষ্ট্রে করোনাভাইরাসের ভ্যাকসিনের অনুমোদন পাওয়ার সম্ভাবনা নেই বলে জানিয়েছেন দেশটির ন্যাশনাল ইন্সটিটিউটস অব হেলথের প্রধান ফ্রান্সিস কলিন্স।

ব্রিটিশ প্রতিষ্ঠান অ্যাস্ট্রা-জেনেকা অক্সফোর্ডের সম্ভাব্য কোভিড-১৯ ভ্যাকসিন আর্জেন্টিনা ও মেক্সিকোয় উৎপাদনের উদ্যোগ নিয়েছে, যা লাতিন আমেরিকার বেশিরভাগ দেশগুলোর জন্য ব্যবহৃত হবে।

এদিকে, ভ্যাকসিনের ১০ কোটি ডোজ পাওয়ার জন্য অ্যাস্ট্রা-জেনেকার সঙ্গে চুক্তি করেছে ব্রাজিল। প্রতিষ্ঠানটির কাছ থেকে ৩০০ মিলিয়ন ডোজ ভ্যাকসিন নেবে ইউরোপিয়ান কমিশনও।

সূত্র- বিডি প্রতিদিন

বারাদী বাজারে করোনা ভাইরাসের জীবাণু নাশক টানেল স্থাপন

হেল্পিং হ্যান্ড ফাউন্ডেশনের উদ্দ্যোগে করোনা ভাইরাস (কোভিড-
১৯) এর জীবাণু ধংসের উদ্দেশ্যে করোনা জীবাণু নাশক টানেল স্থাপন করা হয়।

শনিবার বিকাল ৫টার সময় মেহেরপুর সদর উপজেলার বারাদী বাজারের বারাদী ইউনিয়ন পরিষদের পাশে করোনা জীবাণু নাশক টানেল স্থাপন করা হয়।

রকি আহম্মদের সভাপতিত্বে, শাপলা ফ্যাশনের সহযোগিতায় করোনা ভাইরাসের জীবাণু নাশক টানেল স্থাপন করেন হেল্পিং হ্যান্ড ফাউন্ডেশন।

করোনা জীবাণু নাশক টানেল উদ্বোধন করেন বারাদী ইউনিয়ন

ছাত্রলীগের সভাপতি আল মামুন আরও উপস্থিত ছিলেন হেল্পিং হ্যান্ডফাউন্ডেশনের সদস্যবৃন্দ।

রাশিয়ার করোনার টিকা নিয়ে ‘গুরুতর অনিয়মের’ অভিযোগ, পদত্যাগ স্বাস্থ্য কর্মকর্তার

রাশিয়ার তৈরি করোনার টিকা তৈরিতে চিকিৎসাবিজ্ঞানের নৈতিকতার ‘গুরুতর লঙ্ঘন’ হওয়ার অভিযোগ এনে দেশটির এক শীর্ষ চিকিৎসা কর্মকর্তা পদত্যাগ করেছেন। অধ্যাপক আলেক্সান্ডার চুচালিন দেশটির স্বাস্থ্য মন্ত্রণালয়ের নৈতিকতাবিষয়ক পরিষদ থেকে পদত্যাগ করেছেন। শুধু পদত্যাগ করেই ক্ষান্ত হননি শ্বাসতন্ত্রের এই চিকিৎসক, রাশিয়ার তৈরি‘স্পুটনিক ৫’ তৈরি নিয়েও গুরুতর সব অনিয়মের কথা বলেছেন। খবর বিজনেস টুডে ও টাইমস নাউ নিউজ ডট কমের।

রাশিয়ায় চিকিৎসাবিষয়ক যাবতীয় নীতি নির্ধারণ করে স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে থাকা এই এথিকস কাউন্সিল বা নৈতিকতাবিষয়ক পরিষদ। সেই পরিষদের অন্যতম সদস্য ছিলেন চুচালিন।

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন গত মঙ্গলবার বলেন, তাঁর দেশই প্রথম করোনার টিকা তৈরি করেছে। পুতিন করোনার টিকা সম্পর্কে বলেন, রাশিয়া যে টিকা তৈরি করেছে, তা স্থায়ী বা টেকসই প্রতিরোধী সক্ষমতা দেখাতে সক্ষম। বার্তা সংস্থা এএফপি জানায়, রাশিয়ায় মন্ত্রীদের সঙ্গে ভিডিও সম্মেলনে পুতিন টিকার তথ্য জানান। ওই ভিডিও সম্মেলন টেলিভিশনে সম্প্রচার করা হয়।

তবে রাশিয়ার দাবি করা এই টিকা নিয়ে পশ্চিমা বিশেষজ্ঞসহ অনেকেই সন্দেহ পোষণ করেন। একটি গ্রহণযোগ্য টিকা তৈরিতে যেসব ধাপ অতিক্রম করতে হয়, এর অনেক কিছুই করা হয়নি বলে সমালোচনা শুরু হয়। যুক্তরাষ্ট্রের শীর্ষ সংক্রামক রোগ বিশেষজ্ঞ অ্যান্টনি ফাউসি রাশিয়ার টিকা কতটা নিরাপদ ও কার্যকর হতে পারে, তা নিয়ে সংশয় প্রকাশ করেন।

এবার রাশিয়ার ভেতর থেকেই অভিযোগ উঠল। অধ্যাপক আলেক্সান্ডার চুচালিন সুনির্দিষ্টভাবে টিকা তৈরিতে যুক্ত দুই বিশেষজ্ঞের নাম উল্লেখ করে সরাসরি তাঁদের বিরুদ্ধে অভিযোগ করেন। এই টিকা তৈরি করেছে মস্কোর গ্যামালিয়া রিসার্চ সেন্টার। এই সংস্থার পরিচালক আলেক্সান্ডার গিন্টসবার্গ এবং দেশের ভাইরোলজি বিশেষজ্ঞদের অন্যতম সের্গেই বরিসেভিচের নাম করে চুচালিন বলেছেন, এই দুই চিকিৎসক টিকা তৈরিতে তাড়াহুড়ো করতে গিয়ে চিকিৎসাবিজ্ঞানের নিয়মনীতির তোয়াক্কা করেননি।

চুচালিন ওই দুই বিশেষজ্ঞের উদ্দেশে বলেন, ‘রুশ সরকারের সব নিয়মনীতি কি আপনারা মেনেছেন? আন্তর্জাতিক বিজ্ঞানী সম্প্রদায়ের মতামত নিয়েছেন? নেননি।’

চুচালিন বলেন, এটা ঠিকভাবে করা হয়নি। নৈতিকভাবে চিকিৎসাবিজ্ঞানের নীতি ভঙ্গ করা হয়েছে।

অধ্যাপক চুচালিন বলেন, ‘আমাদের কিছু বিজ্ঞানী যে অবস্থান নিয়েছেন এবং যেভাবে এই রেডিমেড টিকা নিয়ে দায়িত্বজ্ঞানহীনের মতো মন্তব্য করছেন, তাতে আমি হতাশ।’

পদত্যাগের কিছু আগে রাশিয়ার বিজ্ঞান সাময়িকী নওকা আই জিনে (স্যায়েন্স অ্যান্ড লাইফ) দেওয়া এক সাক্ষাৎকারে চুচালিন বলেন, ‘কোনো টিকা বা ওষুধের বিষয়ে আমরা নৈতিকতার পর্যবেক্ষণ যারা করি, তারা প্রথমে দেখা চেষ্টা করি এটা মানুষের জন্য কতটা নিরাপদ। নিরাপত্তাই প্রথম বিচার্য বিষয়। এটা কেমন করে নির্ধারণ করা হবে। যেসব টিকা এখন তৈরি করা হয়েছে, সেগুলো তো মানুষের ওপর প্রয়োগ করা হয়নি। একটা মানুষ এটাতে কতটুকু নিতে পারবে, তা তো আমরা বলতে পারি না।’

জীবননগর উপজেলা স্বাস্থ্য

কমপ্লেক্সে হাই -ফ্লো অক্সিজেন প্লান্টের উদ্বোধন

মানব সেবাই দৃষ্টান্ত স্থাপন করলেন বি এন্ড টির চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মোখলেচুর রহমান টিপু তরফদারের নিজস্ব অর্থায়নে জীবননগর উপজেলায় করোনয়া আক্রান্ত রোগীদের জন্য হাই -ফ্লো অক্সিজেন প্লান্টের উদ্বোধন করা হয়েছে।

শনিবার সকাল সাড়ে ১০টার সময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে উদ্বোধন করেন চুয়াডাঙ্গা -২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর ।

জানা গেছে, করোনায় আক্রান্ত রোগীদের জন্য রয়েছে ৮টি বেডসহ ভিআইপি ক্যাবিন । যার নিচ তলায় রয়েছে ৪টি বড় সিলিন্ডার এবং অক্সিজেন সরবরাহ লাইনের মাধ্যমে ৩য় তলায় বেড ও ভিআইপি ক্যাবিনে ফ্লো-মিটারের মাধ্যমে রোগীর প্রয়োজনে সহজেই অক্সিজেন ব্যবহারের ব্যবস্থা।

চাহিদার চেয়ে অতিরিক্ত ৪টি সিলিন্ডার সাধারন রোগীদের জন্য সব সময় মজুদ করে রাখা হয়েছে । হাই ফ্লো অক্সিজেন প্লান্টের মাধ্যমে এলাকার স্থানীয় করোনায় আক্রান্ত রোগীরা সেবা নিতে পারবেন ।

এ ব্যাপারে বিএন্ড টি গ্রুপের চেয়ারম্যান ও চুয়াডাঙ্গা জেলা বিএনপির অন্যতম নেতা ইঞ্জিনিয়ার মোখলেচুর রহমান টিপু তরফদার বলেন, বাংলাদেশে করোনা সনাক্তকরণের পরপরই আমার নিজস্ব অর্থায়নে গত ২৮ শে এপ্রিল ২০২০ থেকে ১৫ই মে পর্যন্ত আমার চুয়াডাঙ্গা-২ নির্বাচনী এলাকায় নেতাকর্মিদের মাধ্যমে ১৩হাজার কর্মহীন পরিবারের মাঝে ১০ কেজি চাউল ও ৫ কেজি করে আলু মানবিক সহায়তা প্রদান করেছি ।

শুধু তাই নয় গত ১৫-৫-২০ইং থেকে ৯-৮-২০ইং তারিখ পর্যন্ত দামুড়হুদা ও জীবননগর উপজেলায় ৯৩জন করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছে এবং ৭৪টি পরিবারে লকডাউনে পড়েছিলেন আমার নেতাকর্মিদের মাধ্যমে তাদের প্রতি পরিবারের মাঝে ৩০ কেজি চাউল ১৫ কেজি আলু নগদ ২হাজার থেকে ৬হাজার পর্যন্ত টাকা প্রদান করেছি ।

জীবননগর উপজেলার সাধারন মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার

জন্য আমি জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে হাই-ফ্লো অক্সিজেন প্লান্ট স্থাপন করলাম।যাতে করে জীবননগর উপজেলায় যে সমস্থ ব্যাক্তি করোনায়া আক্রান্ত হয়ে এখানে নিরাপদে চিকিৎসা নিতে পারে ।

এ সময় আরো উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাপিজুর রহমান,উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন ,জীবননগর পৌর সভার মেয়র জাহাঙ্গীর আলম,জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ,ওসি তদন্ত ফেরদৌস ওয়াহিদ,

জীবননগর থানা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজা,সাবেক উপজেলা চেয়ারম্যান আব্দুল লতিপ অমল,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন,ডাঃ জুলিয়েট পারউইন,ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু প্রমুখ।

মুর্তজা বশীরের মৃত্যুতে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর শোক

বাংলাদেশের আধুনিক চিত্রকলার অন্যতম পথিকৃৎ চিত্রশিল্পী ও ভাষাসংগ্রামী মুর্তজা বশীরের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ শনিবার পৃথক শোকবার্তায় এ শোক প্রকাশ করেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী।

এক শোকবার্তায় রাষ্ট্রপতি বলেন, মুর্তজা বশীরের মৃত্যু দেশের শিল্প ও সংস্কৃতি জগতের জন্য এক অপূরণীয় ক্ষতি। তার সৃষ্টি ও কর্ম তরুণ প্রজন্মের জন্য চিরকাল অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে।

অপর এক শোকবার্তায় শেখ হাসিনা বলেন, দেশের চিত্রকলার বিকাশে মুর্তজা বশীর যে অনন্য অবদান রেখেছেন তা ভবিষ্যৎ প্রজন্মকে

অনুপ্ররেণা যুগিয়ে যাবে।

প্রধানমন্ত্রী মরহুমের আত্মার মাগফিরাত কামনা করেন এবং তার শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।

করোনা আক্রান্ত এ শিল্পী রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শনিবার (১৫ আগস্ট) সকাল ৯টা ১০ মিনিটে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

সূত্র- ইত্তেফাক

গাংনীতে করোনায় আক্রান্ত হয়ে শিক্ষানবীশ আইনজীবীর মৃত্যু

করোনাভাইরাসের সাথে যুদ্ধ করে জীবন যুদ্ধে হার মনলেন গাংনী উপজেলার সাহেবনগর গ্রামের শিক্ষানবীশ আইনজীবী আবুল কালাম আজাদ । করোনাভাইরাসে আক্রান্ত হয়ে বেশ কিছুদিন মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছিলেন তিনি।

আজ শনিবার ভোরে ঢাকার একটি হাসপাতালের আইসিইউতে শেষ নিঃস্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি অইন্নাইলাহি রাজিউন)।

মত্যু কালে এ শিক্ষানবীশ আইনজীবীর বয়স হয়েছিল ৩৮ বছর। আবুল কালাম আজাদ সাহেবনগর গ্রামের আব্দুল হান্নানের ছেলে। মরদেহ নিজ বাড়িতে আনার পর বিশেষ ব্যবস্থায় আজ সন্ধ্যায় দাফন হবে বলে পারিবারিক ভাবে সাংবাদিকদের নিশ্চিত করেছেন।

জানা গেছে, আবুল কালাম আজাদ দীর্ঘদিন ধরে কুষ্টিয়া বসবাস করতেন। ইবি সান্ধ্যকালিন এল.এল.এম ৫ম ব্যাচের শিক্ষার্থী ছিলেন। এছাড়াও কুষ্টিয়া জেলা ও দায়রা জজ আদালতে শিক্ষানবীশ আইনজীবী হিসেবে কাজ করেছেন।

পারিবারিক সুত্রে জানা গেছে, বেশ কিছুদিন আগে তিনি করোনাভাইরাস শনাক্ত হন। কুষ্টিয়ায় চিকিৎসাধীন অবস্থায় তার শারীরিক অবস্থার

অবনতি হলে ঢাকায় কোভিড হাসপাতালে পাঠানো হয়। সেখানে কয়েকদিন ধরে মৃত্যুর সাথে পাঞ্জা লড়তে লড়তে অবশেষে জীবনযুদ্ধে হারমানতে হয় তাকে ।

মেহেরপুরে নতুন করে আজ ১৭ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আজ ১৭ জন করোনায় আক্রান্ত হয়েছেন বলে মেহেরপুর সিভিল সার্জন মেহেরপুর প্রতিদিন কে নিশ্চিত করেছেন।

এ নিয়ে জেলায় মোট আক্রান্ত হলেন ৩৪১ জন।

বিস্তারিত আসছে……..

মেহেরপুরে ভ্রাম্যমাণ লাইব্রেরির বৃক্ষরোপণ

বিশ্বসাহিত্য কেন্দ্রের ভ্রাম্যমাণ লাইব্রেরি মেহেরপুর ইউনিটের উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এর জন্ম শতবার্ষিকী উপলক্ষে দেশব্যাপী বৃক্ষরোপণ ও বিতরণ কর্মসূচির উদ্বোধন করা হয়।

বৃহস্পতিবার বিকালে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তুষার কুমার পাল মেহেরপুর সরকারি গণগ্রন্থাগার প্রাঙ্গণে বৃক্ষরোপণ কর্মসূচি ও বিতরণের উদ্বোধন করেন ।

এসময় তিনি বলেন, প্রাকৃতিক পরিবেশে বসবাস উপযোগী করে তুলতে ও করোনা ভাইরাস এর ভয়াবহতা রোধে, সকলের মাঝে সচেতনতা বৃদ্ধির

লক্ষে বিভিন্ন ধরনের প্রচার প্রচারনা চালিয়ে যাচ্ছে সরকার। তাই আমরা সচেতন হয়।মেহেরপুর জেলাকে সুন্দর গড়ে তুলতে বেশি বেশি গাছ লাগাতে হবে। আজ তারই পরিপেক্ষিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান - এর জন্ম শতবার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলায় বৃক্ষরোপণ ও বিতরণ করে যাচ্ছি।

এ সময় আরও উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন।

স্বাস্থ্যের সাবেক ডিজিকে আজও জিজ্ঞাসাবাদ চলছে দুদকে

করোনাভাইরাস সংক্রমণের সময় মাস্ক-পিপিইসহ নানা অনিয়ম-দুর্নীতির ঘটনায় স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক মহাপরিচালক (ডিজি) আবুল কালাম আজাদকে আজও জিজ্ঞাসাবাদ করছে দুদক।

দুদক পরিচালক শেখ মো. ফানাফিল্লাহর নেতৃত্বে অনুসন্ধানকারী দলের সদস্যরা আজ বৃহস্পতিবার (১৩ আগস্ট) সকাল ১০টা থেকে তাঁকে জিজ্ঞাসাবাদ করছেন।

নিম্নমানের মাস্ক, পিপিই ও অন্যান্য স্বাস্থ্য সরঞ্জাম কেনাকাটায় দুর্নীতির অভিযোগ ছাড়াও প্রতারক সাহেদের রিজেন্ট হাসপাতালের সঙ্গে করোনাভাইরাসের নমুনা সংগ্রহ ও চিকিৎসার বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের চুক্তির প্রসঙ্গেও তাঁকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে জানা গেছে।

এর আগে গতকাল বুধবার (১২ আগস্ট) রাজধানীর সেগুনবাগিচায় দুদকের প্রধান কার্যালয়ে ডেকে জিজ্ঞাসাবাদ করা হয়। দুদক পরিচালক মীর মো. জয়নুল আবেদীন শিবলীর নেতৃত্বে একটি দল সকাল ১০টা থেকে প্রায় ছয় ঘণ্টা ধরে জিজ্ঞাসাবাদ করে ডা. আবুল কালাম আজাদকে।

ওইদিন একই অভিযোগে জিজ্ঞাসাবাদ করা হয় স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক পরিচালক ডা. মো. আমিনুল হাসান, উপপরিচালক মো. ইউনুস আলী,

ডা. মো. শফিউর রহমান ও গবেষণা কর্মকর্তা ডা. মো. দিদারুল ইসলামকে।

গত ২১ জুলাই বিতর্ক আর সমালোচনার মুখে পদত্যাগ করেন স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক (ডিজি) অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ। জনপ্রশাসন মন্ত্রণালয়ে গিয়ে জনপ্রশাসন সচিবের কাছে নিজের পদত্যাগপত্র জমা দেন তিনি।

অধ্যাপক ডা. দ্বীন মোহাম্মদ নুরুল হক অবসরে যাওয়ার পর স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক হিসেবে দায়িত্ব পান অধ্যাপক ডা. আবুল কালাম আজাদ। স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালকের দায়িত্ব পাওয়ার পর তাঁর মেয়াদ শেষ হয়ে গেলে তাঁকে আরো দুই বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া হয়।

বর্তমান স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক নিজে উদ্যোগী হয়ে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালককে এ নিয়োগ দেন। কিন্তু চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়ার পরই তাঁর বিরুদ্ধে চরম দায়িত্ব ও কর্তব্যে অবহেলা শৈথিল্য, পক্ষপাত এবং নানা রকম দুর্নীতির অভিযোগ ওঠে। এসব অভিযোগে জিজ্ঞাসাবাদের জন্য গত ৬ আগস্ট দুদকের প্রধান কার্যালয় থেকে পাঠানো একটি চিঠিতে স্বাস্থ্য অধিদপ্তরের সাবেক মহাপরিচালক আবুল কালাম আজাদকে তলব করা হয়।

সূত্র- কালের কন্ঠ